উপজেলা পরিষদ

কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪- ৫৫৮ — তারিখ: ২৩.১০.২০২৪ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের অক্টোবর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভা আগামী ৩০ অক্টোবর ২০২৪ খ্রি: রোজ বুধবার বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।

০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।

০৩। বিভাগীয় আলোচনা।

০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।

০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।

০৬। হাটবাজার সংক্রান্ত।

০৭। বিবিধ আলোচনা।

২৩।১০।২৪

(ইমদাদুল হক তালুকদার)

উপজেলা নির্বাহী অফিসার

ও

মুখ্য নির্বাহী কর্মকর্তা

উপজেলা পরিষদ

কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪- — তারিখ: ২৩.১০.২০২৪ খ্রি.

বিতরণ কার্যার্থে:

........................................................ **(সংশ্লিষ্ট সকল)**

কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।

২। অফিস কপি।

২৩।১০।২৪

উপজেলা নির্বাহী অফিসার

ও

মুখ্য নির্বাহী কর্মকর্তা

উপজেলা পরিষদ

কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর অক্টোবর ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন। |
| সভার তারিখ | : ৩১ অক্টোবর ২০২৪ খ্রি. |
| সময় | : বেলা ১২.০০ ঘটিকা |

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অর্থ বছরের শুরুতেই বিভিন্ন প্রকল্প গ্রহণের তালিকা নিরীক্ষককারীর কার্যালয়ে জমা প্রদান করলে প্রকল্প যাচাই-বাছাই করতে সুবিধা হয় ফলে কোন প্রকল্প একাধিক বার হওয়ার সম্ভাবনা থাকে না এবং প্রত্যেক বাস্তবায়িত প্রকল্পে প্রকল্প গ্রহণের সংখ্যা, প্রকল্পের বরাদ্দ, তারিখ ইত্যাদি লেখা সংবলিত নাম ফলক থাকলে কাজের স্বচ্ছতা থাকে। মাসিক সাধারণ সভায় সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বশীল কর্মকর্তাদের নির্ধারিত সময়ে উপস্থিত না থাকলে বিভিন্ন বিষয়ে আলোচনার সমাধান হয় না। | বিভিন্ন প্রকল্প সঠিক ভাবে যাচাই বাছাই করার জন্য সকল ইউনিয়ন থেকে প্রকল্পের তালিকা দ্রুততম সময়ের মধ্যে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। তাছাড়া স্বাস্থ্য বিভাগে পর্যাপ্ত জনবলের অভাব রয়েছে। আউটসোর্সিং এর জনবলে নিয়মিত বেতন পাচ্ছে না। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৩. | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিনামূল্যে উপজেলার প্রতিটি ইউনিয়নে খ্রী পিপিআর টিকা ক্যাম্পেইন শুরু চলছে। এতে সকল জনপ্রতিনিধিগনের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। কৃত্রিম কাযক্রম ও চিকিৎসা কাযক্রম এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান সকল |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | নিয়মিত কাযক্রম: আসন্ন খরিপ-২ মৌসুমে রোপাআমন আবাদ লক্ষ্যমাত্রা ২০৩২৫ হেক্টর এবং সবজি আবাদ হয়েছে ২০০ হেক্টর। মাঠে রোগ এবং পোকার তেমন কোন আক্রমন নেই। নিয়মিত আলোক ফাদসহ অন্যান্য দমন ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। কৃষকদেরকে আগাম শীতকালীন সবজি এবং সরিষা আবাদ বৃদ্ধি করার জন্য নিয়তিত ভাবে পরামর্শ দেওয়া হচ্ছে। সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং কাযক্রম চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিপ-২ মৌসুমে আউশ আবাদে ব্রিধান ৭১, ব্রিধান ৭৫, ব্রিধান ৮৭, বিনা ১১, বিনা ১৭সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে। এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কাযক্রম সম্পন্ন হয়েছে। ৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে। অর্থবছরের সংশ্লিষ্ট সকল কাযক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br>কৃষি প্রণোদনা কাযক্রম: ২০২৪-২৫ অর্থবছরে খরিফ-২ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির জন্য নিয়মিত অভিযান/মোইবল কোর্ট চলমান রয়েছে। উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য অভয়াশ্রম রক্ষা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, সকল জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উপর্যুক্ত প্রকল্প তালিকা তৈরি করে রাখতে হবে। যেন বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে প্রকল্প যাচাই বাছাই কাযক্রম শুরু করা যায়। এলজিইডি রাস্তা, হাইওয়ে রাস্তা ও বিভিন্ন গ্রামীণ রাস্তার পাশে পুকুর খনন করাতে রাস্তার অনেক ক্ষতি হচ্ছে। রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদেরকে কারন দর্শানোর নোটিশ প্রদান করার প্রক্রিয়া চলমান। | বাস্তাব সম্মত তালিকা তৈরি করতে হবে। বিভিন্ন রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদের কারন দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের তিনটি ব্রীজের কাজ ৮০% সম্পন্ন হয়েছে; বর্ষার কারনে কাজ শেষ হয়নি; খুব দ্রুতই কাজ শেষ হবে। বন্যায় কিছু রাস্তা ক্ষতিগ্রস্থ হয়েছে বরাদ্দ আসলে সেগুলো মেরামত করা হবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মক |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ডিডব্লিউবি কর্মসূচীর আওতায় ১৩টি ইউনিয়নের বরাদ্দ ১৬২৫ জনের বরাদ্দকৃত চলমান জুন/২৪ ডিও প্রদান করা হয়েছে। সেলাই প্রশিক্ষণ কযক্রম চলমান রয়েছে। ৩০জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মক |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গন্ডা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট সক্ষম দম্পতি: ৬০৬৮৯। খাবার বড়ি গ্রহণকারী ২৮৯৮৭। ইনজেকটেবলস গ্রহণকারী ৪৫৩৫। কনডম গ্রহণকারী ২০৭৯। আই ইউ ডি গ্রহণকারী ১৫২১। ইম্প্লান্ট গ্রহণকারী ৪০৮৬ স্থায়ী পদ্ধতি পুরুষ ২০৭৯জন ও মহিলা ৪১৬৮জন। মোট পদ্ধতি গ্রহীতা ৬,২৪৭জন দম্পতি। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মক |
| ১০. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় বলেন যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। প্রাথমিক শিক্ষা স্কুলের কমিটি বাতিল করা হয়েছে। এখন এডহক কমিটির মাধ্যমে বিদ্যালয়ের কাযক্রম চালানো হচ্ছে। অফিসে জনবলের কিছু সংকট রয়েছে ফলে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়মিত মনিটরিং করতে কিছুটা ব্যহত হচ্ছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সভায় জানান যে, উপজেলার সকল বিদ্যালয় খোলা হয়েছে। বিদ্যালয়ের অনুপস্থিত শিক্ষকদের তালিকা করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মক |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ছাড়াও তিনি বিপুল পরিমাণ খেলাপী ঋণ আদায়ে সকল সম্মানিত জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তার সদয় সহযোগিতা কামনা করেন। | খেলাপী ঋণ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব কর্মকর্তা ইউপি চেয়া সকল |
| ১৩. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,২০২৩-২০২৪ অর্থবছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের ভাতার কাযক্রম শেষ হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে অনলাইন আবেদন শুরু হলে এবং পরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাই কাযক্রম শুরু করতে হবে। এর জন্য প্রয়োজনীয় নির্দেশনা পেলে সভা করে জানানো হবে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সম কর্মক ইউপি চেয় সক |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তর হতে ২০২৩-২৪ অর্থ বছরে ১,২০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায় হচ্ছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেল উন্নয়ন ক |
| ১৫. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বর্তমানে পল্লী সঞ্চয় ব্যাংকের সদস্য সংখ্যা ১৪,৩৩৪জন। ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা ৯,৭৭৭জন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। আপাতত কোনো সমস্যা নেই মর্মে জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | শাখা ব পল্লী সঞ্চ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে৷ মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%৷পরবর্তীতে নির্মিত আশ্রয়ন প্রকল্পের এ পযন্ত ০৬টি সমিতি নিবন্ধিত হয়েছে৷ পুরাতন খেলাপি ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে৷ | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো৷ | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭. | তথ্য সেবা কর্মকর্তা | তথ্য আপা সভায় বলেন যে, গ্রামীণ তৃণমূল পর্যায়ের সকল মহিলাদের ডোর টু ডোর গিয়ে সেবা প্রদান করা হচ্ছে৷ উঠান বৈঠক আপাতত স্থগিত রয়েছে৷ অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান৷ | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা |
| ১৮. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করা খুবই জরুরি৷ কিন্তু আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই৷ তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিস্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন৷ তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে৷ | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়৷ নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়৷ | সকল দপ্তর প্রধানগণ সহকারী প্রোগ্রামার |
| বিবিধ -১ | | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন৷ ০১. প্রয়াত বীরমুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন-কাফনের জন্য শাড়ী ও ফুল ক্রয়ের বিল বাবদ ১৮,৭৯৫/- চেক নং-৯১১৩০৬৭ মূলে শাহীন মিয়া, অফিস সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেন্দুয়া, নেত্রকোণাকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৫৭৫/- ও ৬৩০/-টাকা প্রদান করা হয়৷ ০২. সেপ্টেম্বর/২৪ মাসের উপজেলা পরিষদের জীপ গাড়ীর জ্বালানী বিল বাবদ ২৮,৯২৩/- চেক নং-৯৮১৩০৭৫মুলে মের্সাস এ.আর.খান পাঠান সিএনজি ফিলিং স্টেশনকে প্রধান সেই সাথে ভ্যাট বাবদ ২,১৭০/-প্রদান করা হয়৷ ০৩. উপজেলা প্রশাসক, কেন্দুয়া এর অফিস কক্ষে ব্যবহৃত একটি প্রিন্টার ক্রয় বাবদ ১৭,৫০০/-চেক নং-৯৮১৩০৭৭মূলে মো: মনিরুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৫০০/- ও ১,০০০/-টাকা প্রদান৷০৪৷ইউএনও অফিসে একটি সেবা প্রত্যাশিতদের জন্য ৬টি চেয়ার ক্রয় বাবদ ২০,০০০/-চেক নং-৯৮১৩০৮০মূলে জনাব মানিক মিয়া, নিরাপত্তা প্রহরীকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ৩,৭৫০/-ও১,২৫০/-টাকা প্রদান৷০৫৷ উপজেলা ডরমেটরি টয়লেটের দরজা ও জানালা মেরামত বিল বাবদ ২১,৬১২/-চেক নং৯৮১৩০৮৩মূলে কাউসার, মালী, উপজেলা পরিষদকে প্রদান সেই সাথে ভ্যাটা ও আয়কর বাবদ ১,৮৩৫/-ও১,২৩৫টাকা প্রদান৷০৬৷ পৌরসভা-চিরাং রাস্তায় অতিবৃষ্টি এবং ঘুর্নিঝড়ের ফলে রাস্তায় গাছপালা ডাল কর্তন বাবদ ২১,৮৭৫/-চেক নং৯৮১৩০৮৬মূলে আ: আজিজ, সার্টিফিকেট সহকারী, অত্র কার্যালয়কে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮৭৫/-ও১,২৫০/-টাকা প্রদান৷০৭৷ উপজেলা পরিষদের ঝোপঝাড় আগাছা ড্রেন ইত্যাদি পরিস্কার বিল বাবদ ২১,৮৭৫/-চেক নং৯৮১৩০৮৯মূলে মো: বাচ্চু মিয়া, শ্রমিক, কাশিপুরকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮৭৫/-ও১,২৫০/-ট্যাকা প্রদান৷০৮৷ প্রশাসক উপজেলা পরিষদ এর কক্ষে ব্যবহৃত কম্পিউটার মেরামত বিল বাবদ ৮,৯২৫/-চেক নং৯৮১৩০৯২মূলে আমান উল্লাহ, সিএ, উপজেলা পরিষদকে প্রদান সেই সাথে ভ্যাট আয়কর বাবদ ১,০৫০/-ও৫২৫/-টাকা প্রদান৷ ০৯৷ মে-অক্টোবর ০৬মাসের ইন্টারনেট বিল বাবদ ৭,৬৫০/-চেক নং৯৮১৪৮০৭মূলে মো: আমান উল্লাহ কে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ৪৫০/-ও৯০০/-টাকা প্রদান৷ ১০৷ উপজেলা পরিষদের জীপগাড়ী সার্ভিসিং বিল বাবদ ১৬,৬৪৬/-চেক নং৯৮১৪৮১৬মূলে জহির রানা কে প্রদান ভ্যাট ও আয়কর বাবদ ২,০৩০/-ও১,৬২৪টাকা প্রদান৷ ১১৷ উপজেলা পরিষদের সিসি ক্যামেরা স্থাপন মেরামত আনুসাঙ্গিক কাজের ০৪টি বিল বাবদ মোট ৮৭,০১৭/-যথানিয়মে ভ্যাট ও আইটি প্রদান করা হয়েছে৷ | ০১নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে, ২ ও ১০নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের জীপগাড়ী রক্ষনাবেক্ষন খাত হতে, ৩নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের(অফিস সরাঞ্জাম ক্রয় খাত) হতে, ৪নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল আসবাবপত্র ক্রয় খাত হতে ও ৫নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে ৬নং ক্রমিকে খরচ অপ্রত্যাশিত খাত হতে ৭নং ক্রমিকে খরচকৃত অর্থ পরিস্কার পরিচ্ছন্ন খাত হতে ৮নং ক্রমিকে খরচকৃত অর্থ যন্ত্রাংশ মেরামত খাত হতে ৯নং ক্রমিকে খরচকৃত অর্থ রাজস্ব তহবিল হতে ১১নং ক্রমিকের খরচকৃত অর্থ সিসি ক্যামেরা মেরামত খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়৷ | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/১০/২০২৪
(ইমদাদুল হক তালুকদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪- ৯৪৪

তারিখ: ৩১ অক্টোবর ২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

৩১/১০/২০২৪
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪- ৯৪৪

তারিখ: ৩১ অক্টোবর ২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপজেলা .......................................... কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
২। চেয়ারম্যান ....................................... ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৩। অফিস কপি।

৩১/১০/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা